অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/1/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ওয়াশিংটন কাউন্টিতে স্টেটের জরুরি ব্যবস্থাপনার স্বীকৃতি অর্জনের ঘোষণা করেন

এ ধরনের প্রথম স্টেট পর্যায়ের কর্মসূচিতে নিউ ইয়র্কের এগারোটি জরুরি ব্যবস্থাপনা সংস্থা স্বীকৃতি লাভ করেছে

জাতীয় প্রস্তুতি মাস শুরু হওয়ার সাথে সাথে ওয়াশিংটন কাউন্টির স্বীকৃতি ঘোষণা দেওয়া হয়েছে

জাতীয় প্রস্তুতি মাস শুরু হওয়ার সাথে সাথে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা দিয়েছেন যে ওয়াশিংটন কাউন্টি ডিপার্টমেন্ট অব পাবলিক সেফটি (Washington County Department of Public Safety) নিউ ইয়র্কের স্থানীয় জরুরি ব্যবস্থাপনা স্বীকৃতি কর্মসূচি (Local Emergency Management Accreditation) এর মাধ্যমে স্বীকৃতি অর্জন করেছে। গভর্নরের 2017 সালের স্টেট অব দ্য স্টেটে (State of the State) প্রথম প্রস্তাবিত স্বীকৃতি কর্মসূচিটি স্থানীয় জরুরি ব্যবস্থাপনা এজেন্সিসমূহের জন্য দেশে এ ধরনের প্রথম স্টেট পর্যায়ের কর্মসূচি। ওয়াশিংটন কাউন্টি স্বীকৃতি অর্জনের জন্য 11 তম জরুরি ব্যবস্থাপনা সংস্থা এবং নিউ ইয়র্ক সিটির পাশাপাশি আলবানি, ব্রুম, এরি, লিভিংস্টোন, ম্যাডিসন, মন্টগোমারি, ওনাইডা, সারাতোগা এবং ওয়েন কাউন্টিসমূহে যোগদান করে।

"নিউ ইয়র্কবাসীর নিরাপত্তা হলো আমাদের প্রথম অগ্রাধিকার এবং দেশের প্রথম এই কর্মসূচি এটি নিশ্চিত করবে যে স্থানীয় জরুরি ব্যবস্থাপনা অফিসগুলি দক্ষভাবে দুর্যোগ মোকাবিলা করে জনগণকে রক্ষা করতে পারে," **গভর্নর কুওমো বলেন**। "ঝুঁকিপূর্ণ আবহাওয়ার ঘটনা থেকে শুরু করে মহামারী পর্যন্ত অপ্রত্যাশিত জরুরি পরিস্থিতিতে সাড়া জানানোর জন্য পদ্ধতি রেখে আমরা একটি শক্তিশালী, নিরাপদ এবং আরও সুরক্ষিত নিউ ইয়র্ক তৈরি করেছি।"

নিউ ইয়র্ক স্টেট জরুরি ব্যবস্থাপনা সংঘ (New York State Emergency Management Association, NYSEMA) এর সাথে অংশীদারিত্বে তৈরি করে এই কর্মসূচিটির নকশা করা হয়েছে নিউ ইয়র্ক স্টেটের গতিশীলস্থানীয় জরুরি ব্যবস্থাপনা এজেন্সিগুলির দিকে মনোযোগ আকর্ষণ করতে ও প্রচার করতে। স্বীকৃত হওয়ার জন্য কোনো অঞ্চলের অবশ্যই মানদণ্ড এবং সেরা অনুশীলনের একটি সিরিজ পূরণ করতে হবে যা জরুরি ব্যবস্থাপনার জন্য সমন্বিত ও সংহত পদ্ধতি প্রচার করে। স্থানীয় অঞ্চলগুলিকে অবশ্যই সরকার ও বেসরকারি অংশীদারসহ "সম্পূর্ণ কমিউনিটি" (Whole

Community) স্টেকহোল্ডারদের নিযুক্ত করতে হবে এবং গৃহহীন, বয়স্ক ও প্রতিবন্ধীদের মতো মানুষ যাদের জরুরি পরিস্থিতিতে বিশেষ মনোযোগ প্রয়োজন হতে পারে তাদের প্রয়োজন বিবেচনা করতে হবে। দ্য স্টেট ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services, DHSES), লোকাল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট আসিক্রেডিটেশন কাউন্সিল (Local Emergency Management Accreditation Council)-এর পক্ষে প্রোগ্রামটি পরিচালনা করে যা কর্মসূচিটির পরিচালনা পরিষদ হিসেবে কাজ করে। স্বীকৃতি বৈধ থাকবে পাঁচ বছর পর্যন্ত, এবং পাঁচ বছর সময়কালের পর স্বীকৃতি পুনরায় অর্জনের সুযোগ থাকবে।

স্বদেশী নিরাপত্তা ও জরুরি পরিষেবা বিভাগের কমিশনার প্যাট্রিক এ. মারফি বলেন, "যখনই বিপর্যয় বা জরুরি অবস্থা আঘাত হানবে, স্থানীয় জরুরি ব্যবস্থাপনা দল তাদের সম্প্রদায়ের জন্য প্রতিরক্ষার প্রথম লাইন হিসেবে কাজ করবে এবং এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে তারা তাদের নিয়ন্ত্রণের যেকোনো ঝুঁকির মোকাবেলা করতে যথেষ্ট প্রস্তুত। স্থানীয় জরুরি ব্যবস্থাপনা স্বীকৃতি প্রোগ্রাম কাউন্টিগুলো যেকোনো এবং সকল ঝুঁকির জন্য যতটা সম্ভব প্রস্তুত তা নিশ্চিত করার চাবিকাঠি এবং এই অর্জনে তাদের কঠোর পরিশ্রমের জন্য আমি ওয়াশিংটন কাউন্টি ডিপার্টমেন্ট অব পাবলিক সেফটি (Washington County Department of Public Safety) এর প্রশংসা করছি।

ওয়াশিংটন কাউন্টি ডিপার্টমেন্ট অব পাবলিক সেফটি জরুরি ব্যবস্থাপনা অফিস যা কাউন্টির মধ্যে সমস্ত শহর, গ্রাম এবং স্কুল ডিস্ট্রিক্ট এবং ওয়াশিংটন কাউন্টির নিয়ন্ত্রণের সমস্ত জননিরাপত্তা সংস্থাকে জরুরি ও বিপদ প্রশমন পরিকল্পনা এবং ঘটনা পরিচালনা সহায়তা প্রদান করে। কমিউনিকেশন সেন্টার বা পাবলিক সেফটি অ্যানসারিং পয়েন্ট হচ্ছে ডিপার্টমেন্টের বৃহত্তম অপারেশন এবং সপ্তাহে 7 দিন 24 ঘন্টা এর জন্য কর্মী নিয়োগ করা হয়। কমিউনিকেশন সেন্টার একমাত্র প্রাথমিক 911 অপারেটর ওয়াশিংটন কাউন্টিতে সেবা প্রাদনরত এবং কাউন্টির মধ্যে 36 দমকল বিভাগ, আটটি EMS এজেন্সি, পাঁচটি গ্রাম পুলিশ এজেন্সি, কাউন্টি শেরিফ এবং অন্যান্য কাউন্টি এজেন্সি নিয়ে গঠিত সকল জননিরাপত্তা সংস্থার জন্য প্রাথমিক প্রেরণ কেন্দ্র।

এই কেন্দ্রটি ভারমন্টের বেনিংটন কাউন্টির তিনটি দমকল বিভাগ এবং ছয়টি দমকল বিভাগ এবং ভারমন্টের রাটল্যান্ড কাউন্টির দুটি EMS এজেন্সিকে সহায়তা করে। ওয়াশিংটন কাউন্টি ডিপার্টমেন্ট অব পাবলিক সেফটি এছাড়াও কাউন্টির বিপজ্জনক উপাদান দল পরিচালনা করে এবং ফায়ার কো-অর্ডিনেটর এবং EMS কো-অর্ডিনেটরের অফিসে দৈনন্দিন প্রশাসনিক সহায়তা প্রদান করে।

নিউ ইয়র্ক স্টেটের জরুরি ব্যবস্থাপনা সংস্থার প্রেসিডেন্ট ও ক্যাটারাগাস কাউন্টির জরুরি ব্যবস্থাপনা পরিচালক ক্রিস বেকার বলেন, "NYSEMA স্টেট জুড়ে স্থানীয় জরুরি ব্যবস্থাপনা ক্ষমতার আরো উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ এবং স্থানীয় জরুরি ব্যবস্থাপনা স্বীকৃতি কর্মসূচি এবং ক্রমবর্ধমান সংখ্যক কাউন্টির স্বীকৃতি অর্জনের জন্য অবিশ্বাস্যভাবে গর্বিত।"

ওয়াশিংটন কাউন্টি বোর্ড অব সুপারভাইজারের চেয়ারম্যান স্যামুয়েল জে. হল বলেন, "আমাদের জননিরাপত্তা বিভাগে একটি নিবেদিত দল পেয়ে আমরা ধন্য, আমাদের কাউন্টি, আমাদের শহর, গ্রাম এবং আমাদের প্রথম সাড়া প্রদানকারী সংস্থা সকলের জন্য অব্যাহত দুর্দান্ত কাজের জন্য আমরা

গর্বিত। স্টেটের জরুরি ব্যবস্থাপনা স্বীকৃতি অর্জনের জন্য শুধুমাত্র একাদশ এজেন্সি হওয়ায়, আমাদের বাসিন্দারা আশ্বস্ত হতে পারেন যে আমাদের জননিরাপত্তা বিভাগ "শীর্ষ স্থানীয়" এবং যখনই তাদের প্রয়োজন হবে তখন সর্বদা সেখানে থাকবে।"

ওয়াশিংটন কাউন্টি ডিপার্টমেন্ট অব পাবলিক সেফটি ডিরেক্টর গ্লেন গসনেল বলেন, "আমরা হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস এবং আমাদের নিউ ইয়র্ক স্টেটের জরুরি ব্যবস্থাপনা পরিচালনা সংঘের অংশীদারদের সাথে জরুরি ব্যবস্থাপনা নেতাদের সাথে স্বীকৃতি কার্যক্রমের মাধ্যমে কাজ করার সুযোগের প্রশংসা করছি। আমি আমাদের পাবলিক সেফটি টিমের সদস্যদের জন্য গর্বিত যারা দিনের পর দিন পরিশ্রম করে আমাদের উপর ভরসা করে। আমরা সম্মানিত যে এই অর্জন ওয়াশিংটন কাউন্টি, আমাদের সহযোগী সংস্থা এবং আমাদের সকল সম্প্রদায়ের কাছে ফিরিয়ে আনতে পেরে যারা আমাদের জরুরি ব্যবস্থাপনা অফিস এবং জননিরাপত্তা দলের উপর নির্ভর করে।

স্থানীয় জরুরি ব্যবস্থাপনা অফিসগুলি এই স্বীকৃতি পেতে আগ্রহী পলিসি ও পরিকল্পনাগুলি সংকলন অথবা উন্নয়ন করা দরকার এবং স্বীকৃতি মানদণ্ড মেটানোর জন্য আবশ্যক কাগজপত্র তৈরি করতে হবে। আবশ্যক সকল নথি নিউ ইয়র্ক রেসপন্ডস এর ওয়েব পোর্টালে শেয়ার অথবা আপলোড করা হবে যাতে অন-সাইট রিভিউয়ের পূর্বেই উপাদানগুলি রিভিউ করা যায়। স্বদেশের নিরাপত্তা ও জরুরি পরিষেবা ও নিউ ইয়র্ক স্টেট জরুরি ব্যবস্থাপনা সঙ্ঘ প্রস্তুতি পর্যায়ে কারিগরি সহায়তা প্রদান করবে এবং অনুরোধকৃত সকল উপাদান পাওয়া গেলে, স্বদেশের নিরাপত্তা ও জরুরি পরিষেবা রিভিউ করার জন্য অন্তত দুইজন অভিজ্ঞ মূল্যায়কের একটি দল বাছাই করবে।

রিভিউতে থাকবে যেকোনো প্রয়োজনীয় পরিকল্পনা ও দলিলের অধিক পরীক্ষা এবং প্রয়োজন হলে জরুরি ব্যবস্থাপক, কর্মী ও অন্যান্যদের সাক্ষাৎকার। তারা কীভাবে প্রতিটি মানদণ্ড ও সংশ্লিষ্ট নির্ণায়ক অর্জন করে তা প্রদর্শন করা, নথিভুক্ত করা এবং গ্রন্থিবদ্ধ করা জরুরি ব্যবস্থাপনা অফিসের জন্য আরোপিত। স্বীকৃতি পেতে চাইলে, স্থানীয় জরুরি ব্যবস্থাপনা অফিসকে আবেদন পত্র পূরণ করতে হবে এবং EMaccreditation@dhses.ny.gov এ হোমল্যান্ড সিকিউরিটি ও জরুরি পরিষেবা বিভাগে জমা দিতে হবে।

কর্মসূচির নির্দেশিকা, উপযুক্ততা এবং মানদণ্ডসহ নিউ ইয়র্ক স্টেটের স্থানীয় জরুরি ব্যবস্থাপনা স্বীকৃতি কর্মসূচির ব্যাপারে অতিরিক্ত তথ্য এখানে পাওয়া যাবে।

2004 সালে চালু, জাতীয় প্রস্তুতি মাস প্রতি সেপ্টেম্বরে FEMA দ্বারা স্বীকৃত হয়, এখন পরিবার ও সম্প্রদায়ের বিপর্যয় পরিকল্পনার প্রচারের এক উপায় হিসাবে, পাশাপাশি সারা বছর জুড়ে। 2020 সালের থিম হচ্ছে: "বিপর্যয়গুলি অপেক্ষা করে না। আজকে তোমার প্ল্যান তৈরি করো।" আরও তথ্যের জন্য অনুগ্রহ করে https://www.ready.gov/september এই ওয়েবসাইটটি দেখুন।

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ সম্পর্কে

নিউ ইয়র্ক স্টেট স্বদেশ নিরাপত্তা এবং জরুরি পরিষেবা বিভাগ সন্ত্রাসবাদ এবং অন্যান্য মানবসৃষ্ট এবং প্রাকৃতিক বিপর্যয়, হুমকি, অগ্নিকান্ড ও অন্যান্য জরুরী অবস্থা প্রতিরোধ, এগুলোর বিরুদ্ধে সুরক্ষা, এগুলোর প্রতি সাড়া প্রদান করা, এগুলো থেকে নিয়ন্ত্রণ ফিরে পাওয়ার প্রচেষ্টার জন্য নেতৃত্ব, সমন্বয় এবং সহায়তা প্রদান করে। আরও তথ্যের জন্য DHSES ফেসবুক পেইজ পরিদর্শন করুন, টুইটারে @NYSDHSES টুইটার বা ইন্সটাগ্রামে অনুসরণ করুন অথবা dhses.ny.gov পরিদর্শন করুন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন